## আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 DECEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মুর আজ নতুনদিল্লীতে বিভিন্ন ক্ষেত্র অসাধারণ সাফল্যের জন্য ১৭ টি শিশুকে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রদান ।

২) দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আজ আসামেও বীর শিশুদিবস পালন ।

৩) ব্যাবস্থা বাণিজ্যে স্বচ্ছতা বজায় রাখতে তথা ব্যাবসায়িক কাজকর্মে পরিমাপের নিশ্চয়তা প্রদান সহ বিক্রেতা ক্রেতার স্বার্থ সুরক্ষার জন্য আসামের আইনী পরিমাপ নিয়ন্ত্রকের বিশেষ পরামর্শ জারী ।

এবং

৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের ঘন ঘন দুর্ঘটনা সংঘটিত হওয়া মোট ৯৫০ টি প্রহরীবিহীন লেভেল ক্রসিং শণাক্ত করা সহ এগুলি স্থায়ীভাবে বন্ধ করার ব্যাবস্থা গ্রহণ ।

-----------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে আয়োজিত বীর শিশু দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে বিভিন্ন ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য ১৭ টি শিশুকে

প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রদান করেন ।দেশের ১৪ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ১৭ টি শিশুকে কলা -সংস্কৃতি , সাহসিকতা , উদ্ভাবন ,বিজ্ঞান ও প্রযুক্তি , সমাজসেবা , ক্রীড়া ও পরিবেশ ক্ষেত্রে অসাধারণ সাফল্যের জন্য এই পুরস্কার প্রদান করা হয় । অনুষ্ঠানে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু শিখ ধর্মগুরু গোবিন্দ সিংয়ের দুই পুত্রের সাহসিকতা ও বলিদানের কথা স্মরণ করেন ।পুরস্কার লাভ করা শিশুদের শুভেচ্ছা জানিয়ে রাষ্ট্রপতি তাদের কাজের প্রশংশা করেন ।শিশুরা প্রত্যেকের একটি বিশেষ গুণের অধিকারী এবং তাদের সাফল্য নাগরিকদের অনুপ্রাণিত করবে বলে তিনি মন্তব্য করেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বীর শিশুদিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে পুরস্কার প্রাপ্ত শিশুদের সঙ্গে মত বিনিময় করেন ।

---------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও আজ বীর শিশু দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয়েছে । আজ বিভিন্ন স্কুল , শিশু যত্ন কেন্দ্র , অঙ্গনওয়াড়ী কেন্দ্রগুলোতে ছাত্রছাত্রীদের মধ্যে মাই গভ এবং মাই ভারত পোর্টেলের মাধ্যমে অনলাইন ক্যুইজ ,পোষ্টার , সৃষ্টিশীল রচনা , গল্প বলা , ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা হয় । গৌহাটীর গোপীনাথ গুরুদ্বারে আয়োজিত বীর শিশু দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহল বলেন যে ধর্ম , ন্যায় , এবং মাতৃভূমির সুরক্ষায় গুরু গোবিন্দ সিংয়ের দুই পুত্রের জীবন উৎসর্গ করার বিরল গাথা চিরকাল দেশবাসীকে অনুপ্রেরণা যোগাবে । এই দিবস উপলক্ষে মির্জায় অনুষ্ঠিত কেন্দ্রীয় কার্যসূচীতে মহিলা ও শিশু বিকাশ মন্ত্রী অজন্তা নেওগ এবং বিধায়ক হেমাঙ্গ ঠাকুরীয়া অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------

আসাম রাজ্য শিশু সুরক্ষা কমিশনের একটি বেঞ্চ আজ দক্ষিন হাইলাকান্দি উন্নয়ন খন্ড কার্য্যলয়ে শিশু অধিকার লংঘন ও বঞ্চনার ঘটনাগুলি তদন্ত করতে শুনানী গ্রহণ করে । কমিশনের তিন সদস্য অজয় কুমার দত্ত , জানকী খাউন্দ এবং মৌসুমী ব্রহ্ম জেলার শিশু অধিকার লঙ্ঘন ও বঞ্চনার সাড়ে তিনশটি ঘটনার শুনানী গ্রহণ করেন । এরপর বেঞ্চ সরকারী বিভাগগুলিকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করে । অতিরিক্ত জেলা আয়ুক্ত দীপমালা গোয়ালার পৌরহিত্যে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে কমিশনের সদস্যরা জেলার শিশু অধিকার সংক্রান্ত প্রোটেকশন মেকানিজমগুলি সুদৃঢ় করে কিভাবে শিশুরা উপকৃত হতে পারে সে বিষয়ে পরামর্শ প্রদান করেন । জেলায় প্রথমবারের মতো আয়োজিত এধরণের শিবিরে সব বিভাগের শীর্ষ আধিকারিকরা অংশগ্রহণ করেন ।

-------------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার হাফলংয়েও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে বীর শিশু দিবস পালন করা হয় ।এ উপলক্ষে আজ এক সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় শিখ গুরু গোবিন্দ সিংয়ের দুই পুত্র সাহিবজাদা ফতে সিং ও সাহিবজাদা জোরাবর সিংয়ের বীরত্ব ও সাহসিকতা নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে । এছাড়া এক র‍্যালির আয়োজন করা হয় ।

-------------------------------------------------------------------------------------------

বাংলাদেশের অর্থনৈতিক ও রাজনৈতিক অস্থিরতার জন্য সম্প্রতি আসামে বেশকিছু বাংলাদেশী নাগরিকের প্রবেশ ঘটেছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন । মূখ্যমন্ত্রী গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানান যে বাংলাদেশের অর্থনীতির অবনতি এবং বস্ত্র শিল্পগুলি বন্ধ হয়ে যাবার ফলে ভারতে বাংলাদেশ থেকে অনুপ্রবেশ বৃদ্ধি পেয়েছে । এসম্পর্কে আসাম সচেতন হয়েছে বলে উল্লেখ করে ড.শর্মা বলেন যে রাজ্যে প্রতিদিন প্রায় ২০-২৫ জন বাংলাদেশীকে আটক করা হয়েছে । রাজ্যে কতজন বাংলাদেশী নাগরিকের অনুপ্রবেশ ঘটেছে তা নির্ণয় করা কঠিন বলেও তিনি মন্তব্য করেন । রাজ্যে জেহাদীর তৎপরতা বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে এধরণের সংগঠনের সঙ্গে জড়িত বেশকয়েকজন ব্যাক্তিকে পুলিশ আটক করেছে ।

-------------------------------------------------------------------------------------------

ব্যবসা বানিজ্যে স্বচ্ছতা বজায় রাখতে তথা ব্যবসায়িক কাজকর্মে পরিমাপের নিশ্চয়তা প্রদান এবং বিক্রেতা ও ক্রেতার স্বার্থ সুরক্ষার জন্য আসামের আইনী পরিমাপ নিয়ন্ত্রক এক বিশেষ পরামর্শ জারি করেছেন ।আইন মেনে ব্যবসা পরিচালনা এবং গ্রাহকদের অধিকার সুরক্ষিত করার জন্য এই নির্দেশিকা অত্যন্ত প্রয়োজনীয় বলে নির্দেশে বলা হয়েছে । এই নির্দেশ অনুযায়ি  পরিমাপ যন্ত্র যেমন স্প্রিং ব্যালেন্স , প্ল্যাটফর্ম মেশিন , ওজন মাপার ব্রিজ , মেজারিং টেপ ইত্যাদি বার্ষিক বা দ্বিবার্ষিক যাচাই করা , বিদেশ থেকে আমদানি করা প্যাকেটজাত পণ্য সমুহের সঠিক তথ্য প্রদান ইত্যাদি বাধ্যতামূলক করা হয়েছে । নির্দেশে সিমেন্ট ব্যাগের ওজন উল্লেখ না করে বিক্রয় করা আইনত অবৈধ বলে জানানো হয়েছে । সোনা এবং রূপোর মতো মূল্যবান ধাতু ক্রয় বিক্রয়ে মেট্রিক পদ্ধতির ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে ।এল পি জি সিলিন্ডার ক্রয় করার সময় সিলিন্ডারের সিল এবং ওজন পরীক্ষা করার পরামর্শ দেওয়া হয়েছে ।এছাড়া জমি ক্রয় বিক্রয় ইত্যাদি ক্ষেত্রে মেট্রিক ইউনিট ব্যবহার করতে বলা হয়েছে । নির্দেশে গ্রাহকদের সতর্ক থাকতে এবং পরিমাপ সংক্রান্ত কোন অনিয়ম লক্ষ্য করলে স্থানীয় পরিমাপ পরিদর্শকের কাছে অভিযোগ জানাতে বলা হয়েছে।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল ঘন ঘন দূর্ঘটনা সংঘটিত হওয়া মোট ৯৫০ টি প্রহরীবিহীন লেভেল ক্রসিং শণাক্ত করেছে এবং এগুলি স্থায়ীভাবে বন্ধ করার ব্যাবস্থা গ্রহণ করেছে । এই প্রহরীবিহীন লেভেলক্রসিং সমূহের মধ্যে ইতিমধ্যে ৮০৯ টিতে ব্যারিকেড দেবার কাজ সম্পূর্ণ হয়েছে । মালিগাঁও রেলওয়ে সূত্রে জানানো হয়েছে যে লামডিং সংমন্ডলের ২২১ টি ,তিনসুকিয়া সংমন্ডলের ২৩৫ টি ,রঙ্গিয়া সংমন্ডলের ৮৮ টি , আলিপুরদুয়ার সংমন্ডলের ১৭১ টি এবং কাটিহার সংমন্ডলের ৯৪ টি স্থানে স্থায়ী ব্যারিকেড দেওয়ার কাজ সম্পূর্ন হয়েছে । উল্লেখ্য নিয়ম না মেনে রেপথ অতিক্রম করা দন্ডনীয় অপরাধ হলেও সাধারণ নাগরিক বিষয়টি এড়িয়ে যাবার ফলে ঘন ঘন এই স্থানগুলিতে দূর্ঘটনা ও মৃত্যুর ঘটনা সংঘটিত হয়ে আসছে । সেজন্য রেল সুরক্ষা বাহিনী শিক্ষা প্রতিষ্ঠান ,পঞ্চায়েত ইত্যাদিতে নাগরিকের মধ্যে সচেতনতা বৃদ্ধির কার্যসূচী গ্রহণ করা সহ উত্তর-পূর্ব সীমান্ত রেল আগামী দিনে প্রহরীবিহীন লেভেল ক্রসিং সম্পূর্নরূপে বন্ধ করার ব্যাবস্থা করেছে ।

---

রাজ্যের খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগ , খনি এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ হাইলাকান্দি জেলা সফর করে সরকারীভাবে ধান সংগ্রহের খোঁজ খবর নিয়েছেন । সফরকালে মন্ত্রী শ্রী রাই কৃষকদের সঙ্গে মত বিনিময় করেছেন । পরে মন্ত্রী শ্রী রাই বোয়ালিপারের ধান ক্রয় কেন্দ্রে আয়োজিত এক সভায় বক্তব্য রাখতে গিয়ে বলেন যে কৃষকদের আয় বৃদ্ধির উদ্দেশ্যে সরকার ধান ক্রয়ের নূন্যতম মূল্য ২৩ শ টাকায় বৃদ্ধি করেছে যা বাজার মূল্য থেকে অনেক বেশী । সভায় জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতমও উপস্থিত ছিলেন ।

---

রাজস্ব ও দূর্যোগ ব্যাবস্থাপনা বিভাগ ভূমি-রাজস্ব সংগ্রহ ব্যাবস্থা অধিক স্বচ্ছ ,কার্যকর ও সুগম করার লক্ষ্যে অনলাইন ই-খাজনার মাধ্যমে অথবা অফলাইন মৌজাদার থেকে সংগ্রহ করা সি এফ আরের মাধ্যমে ভূমি রাজস্ব জমা দেওয়া যাবে । এই অনলাইন ব্যাবস্থা কর্মসূত্রে বা বিভিন্ন কারণে বাইরে থাকা পাট্টাদারদের ভূমি রাজস্ব জমা দেবার ক্ষেত্রে সহায়তা করবে বলে আশা করা হচ্ছে । সব জেলার মৌজাদার ও তহশিলদারের কার্যালয়ে এই সুবিধা থাকবে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব শিলচর গ্রেটারের সহযোগীতায় আগামি ৩০শে ডিসেম্বর আইরংমারার ১১৮ নম্বর প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

মণিয়ারখাল গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে আজ বিশেষ গ্রাম সভা অনুষ্ঠিত হয়েছে । প্রাক্তন পঞ্চায়েত সভাপতি পরেশ তাঁতির পৌরহিত্যে আয়োজিত সভায় ২০২৫-২৬ সালের গ্রাম পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয়েছে । এছাড়াও আজকের সভায় মণিয়ারখাল চা বাগান মডেল স্কুলের অধ্যক্ষ আবুল কাশিম , পঞ্চায়েত সচিব আশিস পাল প্রমুখ বক্তব্য রাখেন ।

---